17

দৈনিক ইনকিলাব

তারিখ 19 AUG 1989

পৃষ্ঠা

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট অব্যাহত

॥ চঃ বিঃ রিপোর্টার ॥

১৭ আগস্ট।— গত ১৫ আগস্ট ছাত্র সংঘর্ষকে কেন্দ্র করে ছাত্র সংগ্রাম পরিষদের ডাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্যে আহূত ছাত্র ধর্মঘটের আজ দ্বিতীয় দিন অতিবাহিত হয়েছে। ক্যাম্পাসে এখনো উত্তেজনা বিরাজ করছে এবং আবাসিক ছাত্র-ছাত্রীরা নিরাপত্তার অভাবে হল ছেড়ে চলে যাচ্ছে।

এদিকে এ পরিস্থিতি নিয়ে গতকাল কর্তৃপক্ষের সাথে ছাত্র সংগ্রাম পরিষদ ও

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ইসলামী ছাত্র শিবিরের মধ্যে অনুষ্ঠিত এক দীর্ঘ বৈঠক কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছে। সংগ্রাম পরিষদ বিশ্ববিদ্যালয়ের হল তল্লাশি করে অস্ত্র উদ্ধার এবং ক্যাম্পাসে সন্ত্রাসের সঙ্গে জড়িত ছাত্রদের বহিষ্কারের দাবী জানিয়েছে। কর্তৃপক্ষের সঙ্গে আজ (বৃহস্পতিবার) সংগ্রাম পরিষদের সাথে আলোচনা হয়েছে এবং আগামীকাল বিকেলে এরূপ আর একটি আলোচনা অনুষ্ঠিত হবে। তবে অন্য একটি সূত্রে জানা গেছে যে, এ মাসের ১৯ ও ২০ তারিখ অনুষ্ঠেয় অর্নাস ও প্রিলিমিনারী পরীক্ষার কথা বিবেচনা করে সংগ্রাম পরিষদ আগামী শনিবার থেকে তাদের ধর্মঘট কর্মসূচী সাময়িকভাবে স্থগিত রাখতে পারে।